

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.৪২.৮৫০০.০০০.২৭.০৩৪.১৫-৪৯০

তারিখ: ০৭ চৈত্র ১৪২৮
২১ মার্চ ২০২২

বিষয়: জেলা পরিষদ, রংপুর কর্তৃক গঞ্জাচড়া উপজেলায় ডাকবাংলো নির্মাণ কাজ বাস্তবায়ন।

সূত্র : জেলা পরিষদ, রংপুর এর স্মারক নং-জেপৱং/২০২২/৭১(২), তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকে রংপুর জেলা পরিষদ কর্তৃক গঞ্জাচড়া উপজেলায় একটি দ্বিতল ডাকবাংলো নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধ জানানো হয়। পাশাপাশি, উক্ত জেলা পরিষদের গত ০৯ ডিসেম্বর ২০২১ তারিখের সভায় এডিপি তহবিলের সাশ্রয়কৃত ৪০.০০(চল্লিশ) লক্ষ টাকা উক্ত নির্মাণ কাজের বিপরীতে ব্যয় করার সুপারিশ করা হয়েছে মর্মে পত্রে উল্লেখ করা হয়।

২। এমতাবস্থায়, উক্ত নির্মাণ কাজের অনুকূলে বরাদ্দ প্রদানের প্রস্তাব বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্য ও পৃথক প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ডাকবাংলো নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয়, চুক্তিমূল্য,
- নির্মাণ কাজ বাস্তবায়নের সময়সীমা,
- জেলা পরিষদের এডিপি/ রাজস্ব তহবিল হতে ইতঃপূর্বে কোন অর্থ পরিশোধ করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর প্রকৃত তথ্য,
- ডাকবাংলো নির্মাণ কাজ বাস্তবায়নের ভৌত ও আর্থিক অগ্রগতি (ছবিসহ),
- গত ০৯ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদ, রংপুর এর সভার সুপারিশ অনুযায়ী এডিপি তহবিলের সাশ্রয়কৃত ৪০.০০(চল্লিশ) লক্ষ টাকা উক্ত ডাকবাংলো নির্মাণ কাজে ব্যয়ের পৃথক পূর্ণাঙ্গ প্রস্তাব।

M. M. Rahman
২১/০৩/২০২২

এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।